blast ব্লাস্ট **বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)**
**BANGLADESH LEGAL AID and SERVICES TRUST (BLAST)**

**১৬ জুলাই ২০২৪**

## প্রেস বিজ্ঞপ্তি

## কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে সংঘর্ষে পথচারীসহ ৬ জন শিক্ষার্থী নিহত, নারী শিক্ষার্থীদের ওপর সহিংস হামলা, এবং হাসপাতালে চিকিৎসারত শিক্ষার্থীদের ওপর আক্রমণের ঘটনায় ব্লাস্টের উদ্বেগ প্রকাশ

## নিহত ও আহত ব্যক্তিদের ও তাদের শান্তিপূর্ণ সমাবেশ ও প্রতিবাদ করার মৌলিক অধিকার লঙ্ঘনের সুষ্ঠু তদন্ত ও দায়ীদের জবাবদিহিতার আওতায় এনে বিচারের দাবী জানাচ্ছে ব্লাস্ট

সাম্প্রতিক সময়ে রাজধানী ঢাকা ও দেশের বিভিন্ন জায়গায় কোটা সংস্কার আন্দোলনকে কেন্দ্র করে সংঘর্ষে রংপুর, ঢাকা ও চট্টগ্রামে ৬ জন শিক্ষার্থী নিহতের[১] ঘটনায় এবং বহু হতাহতের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করছে ব্লাস্ট। বিশেষ করে নারী শিক্ষার্থীদের ওপর সহিংসতা এবং হাসপাতালে চিকিৎসারত শিক্ষার্থীদের ওপর আক্রমণের ঘটনায় ব্লাস্ট তীব্র নিন্দা জানাচ্ছে। এ হামলার ঘটনাগুলোর সুষ্ঠু এবং দ্রুত ও কার্যকরী তদন্ত সাপেক্ষে দায়ী ব্যক্তিদের জবাবদিহিতার আওতায় এনে যথাযথ বিচারের জোর দাবি জানাচ্ছে ব্লাস্ট।

পত্রপত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যম[২] হতে জানা যায় যে, গত ১৫ জুলাই ২০২৪, আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনা ঘটে। এতে প্রায় তিন শতাধিক শিক্ষার্থী আহত হয় যার মধ্যে নারী শিক্ষার্থীও রয়েছেন। গণমাধ্যম সূত্রে আরো জানা যায়, চলমান সহিংসতায় রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষার্থী এবং চট্টগ্রামে পথচারীসহ তিনজন এবং ঢাকায় দুইজন সহ মোট ছয়জন শিক্ষার্থী নিহত হয়েছেন।

ব্লাস্ট সাধারণ শিক্ষার্থী, বিশেষত নারী শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করছে। আন্দোলনরত শিক্ষার্থীদের ওপর এই ধরনের সহিংসতা সংবিধানে ৩৯ অনুচ্ছেদ অনুযায়ী জনগণের মত প্রকাশের স্বাধীনতা এবং ৩৭ অনুচ্ছেদ অনুযায়ী শান্তিপূর্ণ সমাবেশের অধিকারকে ক্ষুণ্ণ করে। ব্লাস্ট নারী শিক্ষার্থী সহ সকল শিক্ষার্থীদের নিরাপত্তা নিশ্চিত করা সহ যারা ইতিমধ্যে সহিংসতার শিকার হয়েছেন তাদের চিকিৎসা নিশ্চিত করার দাবী জানাচ্ছে এবং আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনী সহ যারা তাদের মৌলিক অধিকার খর্ব করেছে তাদের জবাবদিহিতার আওতায় আনার জোর দাবী জানাচ্ছে।

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন:
কমিউনিকেশন বিভাগ, ইমেইল: communication@blast.org.bd

---

[১] কোটা সংস্কার আন্দোলনে সংঘর্ষে নিহত ৬ (দৈনিক ইত্তেফাক, ১৬ জুলাই ২০২৪)

[২] ঢাবিতে আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে ছাত্রলীগের সংঘর্ষ (দৈনিক আমাদের সময়, ১৫ জুলাই ২০২৪)